গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দর জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজে যান্ত্রিক বহরে অংশগ্রহণের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১৯ অক্টোবর ২০২১ ।
সভার সময়	বেলা ১১.৩০ ঘটিকা।
স্থান	সভাকক্ষ, পানি ভবন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

আগামী ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দর জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজে যান্ত্রিক বহরে অংশগ্রহণ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং মাননীয় উপমন্ত্রীর উপস্থিতিতে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় যান্ত্রিক বহরে অংশগ্রহণ বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে বিস্তাবিত আলোচনা হয়। ২০১৯ সালের যান্ত্রিক বহরে অংশগ্রহণ বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কেন্দ্রীয় অঞ্চলের প্রধান প্রকৌশলী, জনাব মো: আব্দুল মতিন সরকার সভায় আলোচনা করেন। সভায় সিনিয়র সচিব যান্ত্রিক বহরে ট্রেলার ব্যবহারের বিষয়ে পরামর্শ প্রদান করেন এবং ডিজাইন এর নমুনা তৈরী করে পরীক্ষা করিয়ে নেয়ার জন্য বাপাউবোকে নির্দেশনা প্রদান করেন। সভায় মাননীয় প্রতিমন্ত্রী ডেল্টা প্ল্যানে পানি সম্পদ মন্ত্রণালয়কে কতগুলো দায়িত্ব দেয়া হয়েছে তা ধারা-বর্ণনায় উল্লেখ করার পরামর্শ প্রদান করেন। মাননীয় উপমন্ত্রী, মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে পানি সম্পদ মন্ত্রণালয়ের নিরলস প্রচেষ্টায় নদী ভাঙ্গন কমে এসেছে উল্লেখসহ স্থায়ী কার্যক্রম গুলো ধারা-বর্ণনায় উল্লেখ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া ধারা-বর্ণনায় এ মন্ত্রণালয়ের উন্নয়ন কার্যক্রম এবং রূপকল্প-২০২১ ও ২০৪১, ডেল্টা প্ল্যান-২১০০ সংক্রান্ত তথ্য সন্নিবেশ করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা জ্ঞাপন করেন।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নং	কর্মসূচী	বাস্তবায়নে
০১.	আগামী ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দর জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ যান্ত্রিক বহরে পানি সম্পদ মন্ত্রণালয় অংশগ্রহণ করবে।	পাসম/বাপাউবো
০২.	যান্ত্রিকবহরে অংশগ্রহণকারী ট্রেলার/লরির ডিজাইন আলোচনা মোতাবেক চূড়ান্ত করতে হবে।	বাপাউবো
০৩.	সভার আলোচনা মোতাবেক ধারা বর্ণনায় মন্ত্রণালয়ের উন্নয়ন কার্যক্রম এবং রূপকল্প-২০২১ ও ২০৪১, ডেল্টা প্ল্যান-২১০০ সংক্রান্ত তথ্য সন্নিবেশ করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	বাপাউবো/ প্রশাসন-০২, পাসম।
০৪.	যান্ত্রিক বহর সজ্জিতকরণ ও প্রদর্শন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব মো: আব্দুল মতিন সরকার, প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা দায়িত্ব পালন করবেন।	প্রশাসন-০২, পাসম।
০৫.	যান্ত্রিকবহরে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের উন্নয়ন কার্যক্রম প্রদর্শন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাপাউবো ও সকল সংস্থা
০৬	যান্ত্রিকবহরে অংশগ্রহণকারী ড্রাইভারদের তালিকাসহ এসবি পাশের জন্য প্রয়োজনীয় কাগজ পত্রাদি প্রেরণ করতে হবে।	বাপাউবো

০৩। অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.২৩.০৬৯.১৭.৪৯৬

তারিখ: ৫ কার্তিক ১৪২৮
২১ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৪) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৫) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৬) যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৭) যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
৯) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
১১) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
১২) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ
১৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৫) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা ।
১৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৭) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮) সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

এস. এম. সরওয়ার কামাল
উপসচিব